## দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল

# For Procurement of Works

**(Request for Quotation Method)**

**ISO 9001:2015 Certified**

**নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি এর নস্ট/কনডেমঘোষিত বড় সাইজের কাঠের পোল হতে ব্যবহার উপযোগী ছোট সাইজের পোল তৈরী করন। (RFQ)"দরপত্র নং-১১/২০২২-২৩**


প্রশাসন বিভাগ

নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর,চল্লিশা,নেত্রকোনা।

ওয়েব সাইট- www.pbs.netrokona.gov.bd ই-মেইল- হবঃৎড়শড়হধঢ়নং@মসধরষ.পড়স

# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ হবঃৎড়শড়হধঢ়নং@মসধরষ.পড়স

স্মারক নম্বর: ২৭.১২.৭২০০.৫৪৫.০১.০৩৮.২২.৬৪৪০ তারিখ: ১০/১০/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ- কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে নস্ট/কনডেমঘোষিত বড় সাইজের কাঠের পোল হতে ব্যবহার উপযোগী ছোট সাইজের পোল তৈরী করনের পুনঃ দরপত্র আহবান।**

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় পবিসের স্টোরে রক্ষিত নস্ট/কনডেমঘোষিত বড় সাইজের কাঠের খুটি হতে ব্যবহার উপযোগী ভাল অংশ হতে ছোট সাইজের পোল তৈরী পূর্বক কাটা অংশে আলকাতরা দেওয়া এবং সমিতির স্ট্যার্ন্ডার অনুযায়ী ছিদ্র করন, নির্ধারিত স্থানে সংরক্ষন এবং বাকি অংশ স্টোরে সুসজ্জিত আকারে রাখার লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত ব্যক্তি/ব্যবসায়ী /ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছে।

RFQ নং-১১/২০২২-২০২৩

| ক্রঃ নং | মালামালের বিবরন | পরিমান | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | পোল তৈরী | ১০০০টি | | |
| কথায় - | | | মোট | |

শর্তাবলী ঃ

০১। আগ্রহী দরদাতা/প্রকৃত ব্যবসায়ী ঠিকাদার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে বর্ননাসহ একক মূল্য ও মোট মূল্য উল্লেখ পূর্বক সীলমোহরকৃত খামে দর দাখিল করতে হবে। দরপত্র আগামী ১৭/১০/২০২২খ্রিঃ তারিখে বেলা ১১:০০ ঘটিকার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর,বাপবিবো, ঢাকা।, বাপবিবো, ঢাকা/ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, রাজেন্দ্রপুর,চল্লিশা, নেত্রকোণা এই ঠিকানায় পৌছাতে হবে এবং একই দিন অর্থাৎ ১৭/১০/২০২২খ্রিঃতারিখ বেলা ১১:০৫ ঘটিকায় দাখিলকৃত দপ্তর সমূহে দরপত্র খোলা হবে।

০২। সমিতির প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী পোল তৈরী করতে হবে এবং দর বর্তমান বাজার মূল্যের সহিত সংগতিপূর্ণ হতে হবে।

০৩। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স,ভ্যাট ও আয়কর সনদ ( যদি থাকে) ,ব্যাংক সলভেন্সী এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৪। আগ্রহী দরদাতাগণ নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট www.pbs.netrokona.gov.bd হতে বিনা মূল্য দরপত্র দলিল সংগ্রহ করা যাবে। দরপত্র দলিল ব্যতিত কোন দরপত্র দাখিল করা যাবেনা।

০৫। দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হবে। দরপত্র সঠিকভাবে পূরন করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে। কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং গ্রহনযোগ্য হবে না।

০৬। দরপত্র অবশ্যই সীলগালা করা খামে এবং খামের উপর পোল ও লগ তৈরী দরপত্র কথাটি লিপিবদ্ধ করে দাখিল করতে হবে।

০৭। কার্যাদেশ প্রদানের সময় পোল এর পরিমান কম বেশী হতে পারে।

০৮। সরকারী নিয়ম অনুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। সন্তোষজনকভাবে পোল তৈয়ারী এবং পোলের বাকি অংশ সুসজ্জিত ভাবে রাখার পর বিল এবং চালান দাখিল সাপেক্ষে কার্যাদেশ প্রাপ্ত ব্যক্তি / প্রতিষ্ঠানকে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক সরাসরি একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

০৯। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক/সম্পূর্ণ গ্রহন অথবা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে সমিতি ব্যবস্থাপনার সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

( প্রকৌঃ বিপ্লব কুমার সরকার )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**<u>অনুলিপিঃ-সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।</u>**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩। পুলিশ সুপার, নেত্রকোণা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নেত্রকোণা।
০৭। মেয়র, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা।
০৮। ডিজিএম, মদন/দূর্গাপুর/মোহনগঞ্জ/কেন্দুয়া /বারহাট্টা,/ কলমাকান্দা জোনাল অফিস/ডিজিএম (কারিগরী) নেত্রকোণা পবিস।
০৯। এজিএম, অর্থ/ওএন্ডএম/এম এস/ইএন্ডসি, এজিএম(ওএন্ডএম)/আইটি /আটপাড়া/ধর্মপাশা সাবজোনাল অফিস নেত্রকোণা পবিস।
১০। এজিএম(আইট)(ওয়েব সাইটে প্রকাশ করবেন)।
১১। মেসার্স----------------------------------
১২। নোটিশ বোর্ড,নেত্রকোণা পবিস।
১৩। অফিস কপি/মাস্টার কপি ।

( প্রকৌঃ বিপ্লব কুমার সরকার )
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

দরপত্র দাখিল পত্র
[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

দরপত্রের স্মারক নম্বর: ২৭.১২.৭২০০.৫৪৫.০১.০৩৮.২২.৬৪৪০ তারিখ: ১০/১০/২০২২ খ্রিঃ

প্রতি
----------------------------
আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, সংশ্লিষ্ট কার্য সম্পাদনের শর্তাবলী অনুসারে “নস্ট/কনডেমঘোষিত বড় সাইজের কাঠের পোল হতে ব্যবহার উপযোগী ছোট সাইজের পোল তৈরী ” করনের জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের দরপত্রের মোট মূল্য টাকা -------------------------কথায়ঃ------------------------------

আমার/আমাদের দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (RFQ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই দরপত্র প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি দরপত্র দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১০/১০/২০২২ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত দরপত্র প্রদানের অনুরোধজ্ঞাপন (RFQ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল দরপত্র অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সীলসহ দরদাতার স্বাক্ষর
তারিখঃ

## কার্য সম্পাদনের এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

দরপত্রের স্মারক নম্বরঃ ২৭.১২.৭২০০.৫৪৫.০১.০৩৮.২২.৬৪৪০ তারিখঃ ১০/১০/২০২২ খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্য স্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | | নস্ট/কনডেমঘোষিত বড় সাইজের কাঠের পোল হতে ব্যবহার উপযোগী ছোট সাইজের পোল তৈরী | টি | ১০০০ | | | | নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি সদর দপ্তর রাজেন্দ্রপুর চল্লিশা নেত্রকোনা |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্সসহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | | | অংকে | | |
| | | | | | | কথায় | | |
| | | | | | | | | |

| | |
|---|---|
| কার্য সম্পাদনের ঠিকানা | নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি,রাজেন্দ্রপুর,চল্লিশা,নেত্রকোনা । |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ----------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | ৩০ ( ত্রিশ ) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | প্রযোজ্য নয়। |

**আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফশীলের তফশীলে ------টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে। আমার/আমাদের প্রস্তাব / /২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে ।**

| | |
|---|---|
| সীলসহ দরপত্র দাতার নাম ও স্বাক্ষর | তারিখ: -------------------- |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ দরপত্রদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে সেবার দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## কার্য সম্পাদনের **আবশ্যিক কারিগরী বিনির্দেশ**

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | | নস্ট/কনডেমঘোষিত বড় সাইজের কাঠের পোল হতে ব্যবহার উপযোগী ছোট সাইজের পোল তৈরী | | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| ক্রয়কারীঃ<br>(প্রকৌঃ বিপ্লব কুমার সরকার)<br>জেনারেল ম্যানেজার (চঃদাঃ)<br>নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি<br>রাজেন্দ্রপুর,চল্লিশা,নেত্রকোনা। | সেবা প্রদানকারীর :<br>নাম এবং পদবীসহ সেবাপ্রদানকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ দরপত্র দাতা পূরণ করবে।

**২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো দরপত্রের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক দরপত্রের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।**

৩. সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে ।

# নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর,চল্লিশা,নেত্রকোনা।

বিষয়ঃ **"নস্ট/কনডেমঘোষিত বড় সাইজের কাঠের পোল হতে ব্যবহার উপযোগী ছোট সাইজের পোল তৈরী" করনের জন্য কার্যাদেশ।**

ক্রয় আদেশ ------------------------------------------------------------------- তারিখ---------------------খ্রিঃ

| | |
|---|---|
| দরপত্র নম্বর:_______________ | তারিখ : --------- |
| প্রতি:<br>--------------------------- | |
| **সরবরাহের** তারিখ: ---------------------- | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা ---------------------- |
| **সরবরাহ** : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ------------ তারিখের দাখিলকৃত দরপত্রের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নস্ট/কনডেমঘোষিত বড় সাইজের কাঠের পোল হতে ব্যবহার উপযোগী ছোট সাইজের পোল তৈরী করনের নিমিত্তে ---------------------টাকার কথায়------------- কার্যাদেশ প্রদান করা হল । উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় সেবার অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

## সেবা সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ৩০ ( ত্রিশ ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে কার্য সম্পাদনের সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট

গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি সেবার কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা সেবার প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

**১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে------------------------------- কথায়---------------- ---------------------------------।**

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [মাস উল্লেখ করুন; প্রযোজ্য না হলে ‘নেই’ উল্লেখ করুন] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. কার্য সম্পাদনের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. কার্য সম্পাদনের কারণে উথাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত কার্য সম্পাদনের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।
খ. সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।
গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পতির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রয়কারীঃ<br><br>(প্রকৌঃ বিপ্লব কুমার সরকার)<br>জেনারেল ম্যানেজার (চঃদাঃ)<br>নেত্রকোনা পল্লী বিদ্যুৎ সমিতি<br>রাজেন্দ্রপুর,চল্লিশা,নেত্রকোনা। | সরবরাহকারী:<br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |